জনাব মোঃ সাইফুদ্দিন ইয়াহিয়া ২৪ এপ্রিল ২০২৫ মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী-এর পরিচালক পদে যোগদান করেন। এর পূর্বে তিনি উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, রংপুর বিভাগ, রংপুর পদে দায়িত্ব পালন করেন।

তিনি বিসিএস (মৎস্য) ক্যাডারের একজন সদস্য। তিনি ১৯৯৮ সালে ১৭ তম বিসিএস এর মাধ্যমে বিসিএস (মৎস্য) ক্যাডারে থানা মৎস্য কর্মকর্তা হিসেবে মৎস্য অধিদপ্তরে যোগদান করেন। সুদীর্ঘ চাকুরী জীবনে তিনি মৎস্য অধিদপ্তরের উপজেলা মৎস্য কর্মকর্তা, খামার ব্যবস্থাপক, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, সিনিয়র সহকারী পরিচালক, জেলা মৎস্য কর্মকর্তা, প্রিন্সিপাল এবং উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, রংপুর বিভাগ, রংপুর হিসেবে সফলতা ও দক্ষতার সাথে তাঁর দায়িত্ব পালন করেন। তিনি রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক এর Board of Directors **এর একজন সম্মানিত** Director

জনাব মোঃ সাইফুদ্দিন ইয়াহিয়া ১৯৬৮ সালের ০১ জুন পাবনা জেলার সাঁথিয়া উপজেলায় এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্ম গ্রহণ করেন। ব্যক্তিগত জীবনে তিনি বিবাহিত এবং এক কন্যা ও দুই পুত্র সন্তানের জনক।

তিনি পাবনা জেলা স্কুল, পাবনা থেকে ১৯৮৩ সালে এসএসসি, সরকারী এডওয়ার্ড কলেজ, পাবনা হতে ১৯৮৫ সালে এইচএসসি এবং বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় এর মাৎস্য বিজ্ঞান অনুষদ হতে ১৯৮৯ সালে বিএসসি ফিশারিজ (সম্মান) ডিগ্রী অর্জন করেন, পরবর্তীতে তিনি একই অনুষদ হতে ১৯৯০ সালে এমএসসি ডিগ্রি অর্জন করেন।

তিনি সরকারি দায়িত্ব পালনের অংশ হিসেবে দীর্ঘদিন ডিটি হিসেবে দায়িত্ব পালন করেন। এছাড়া থাইল্যান্ডে হ্যাচারি অপারেশন এন্ড ম্যানেজম্যান্ট বিষয়ক প্রশিক্ষণে অংশগ্রহণ করেন। তিনি পবিত্র ওমরা হজ্জব্রত পালনের উদ্দেশ্যে সৌদি আরব ভ্রমণ করেন।